

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-৩)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০৪.১৭-১৫২৯

তারিখ : ২৭ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ২০১৯ সালের এসএসসি পরীক্ষার্থীদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উপহার ‘ডিজিটাল পাঠ সহায়িকা’ কার্যক্রমের আওতায় প্রস্তুতকৃত বিষয়ভিত্তিক কনটেন্টসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে সকল স্কুলে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় এটুআই প্রোগ্রাম ২০১৯ সালের এসএসসি পরীক্ষার্থীদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উপহার ‘অনলাইন ডিজিটাল পাঠ সহায়িকা’ কর্মসূচির অংশ হিসাবে পরীক্ষার প্রস্তুতি সহায়ক বিষয়ভিত্তিক কনটেন্ট প্রস্তুত করেছে। পরীক্ষার্থীদের কাছে পৌঁছানোর জন্য ইতোমধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ইউটিউব ও কিশোর বাতায়ন পোর্টালে কনটেন্টসমূহ নিয়মিত আপলোড করা হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষার্থীগণ আগ্রহ ও উৎসাহের সাথে আপলোডকৃত কনটেন্টসমূহ ব্যবহার করছেন। বিষয়ভিত্তিক আপলোডকৃত কনটেন্টসমূহের লিংক এবং গুগল ডাইভ লিংক নিম্নে দেয়া হলোঃ

ফেসবুক লিংক (https://www.facebook.com/human.development.media/?ref=br_rs)
ইউটিউব লিংক (https://www.youtube.com/channel/UCV-LCH0uN5Ol8J2_wf2HVw)
কিশোর বাতায়ন (<http://konnnect.edu.bd/>)
গুগল ডাইভ লিংক:
(<https://drive.google.com/open?id=1ayA1kI6uCRDG4pisv1VMm3tOmnZdu5Q9>)

এ ছাড়াও যে কোন তথ্যের প্রয়োজনে জনাব পূরবী মতিন, এইচডি মিডিয়া ম্যানেজার, এটুআই। মোবাইল: ০১৮১৯-২২৬২৮১, ই মেইল: purabi.matin@a2i.gov.bd। এ যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য, আগামী ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে নিয়মিতভাবে অবশিষ্ট কনটেন্টসমূহ আপলোড করা হবে এবং ইমেইলের মাধ্যমে কনটেন্টসমূহের লিংক প্রেরণ করা হবে।

২। এমতাবস্থায়, এই কার্যক্রমকে অধিক বিস্তৃত করতে এবং এসএসসি পরীক্ষার্থীদের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে আপনার আওতাধীন সকল এসএসসি পরীক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ‘ডিজিটাল পাঠ সহায়িকা’ কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ এবং কনটেন্টসমূহ ব্যবহারে শিক্ষার্থী ও শিক্ষকদের উৎসাহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার) ২১/১২/২০১৮
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৭৮০

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। বিভাগীয় কমিশনার (সকল)

২। মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৬। অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।